

◀ পুরুষ অনুযায়ী ক্রিয়ার রূপের পরিবর্তন ▶

পুরুষ	সাধু ক্রিয়াপদ	চলিত ক্রিয়াপদ
উত্তম পুরুষ (আমি, আমরা)	করি, করিতেছি করিয়াছি, করিতেছিলাম, করিয়াছিলাম, করিতাম, করিব, করিতে থাকিব।	করি, করছি, করেছি, করতেছিলাম, করেছিলাম, করতাম, করব, করতে থাকব
মধ্যম পুরুষ (তুমি, তোমরা)	করো, করিতেছ, করিয়াছ, করিতেছিলে, করিয়াছিলে, করিতে, করিবে, করিতে থাকিবে	করো, করছ, করছে, করছিলে, করেছিলে, করতে, করবে, করতে থাকবে।
প্রথম পুরুষ সে, তারা (তাহারা) তিনি, তাঁরা (তঁাহারা)	করে, করিতেছে, করিয়াছে, করিতেছিলে, করিত, করিবে। করেন, করিতেছেন, করিয়াছেন, করিতেছিলেন করিয়াছিলেন, করিতেন করিবেন।	করে, করছে, করেছে, করছিল, করেছিল, করত, করবে। করেন, করছেন, করেছেন, করছিলেন, করেছিলেন, করতেন করবেন।

কোনটি কোন্ পুরুষ লেখো :

- (ক) আপনি আবার আসবেন।
(খ) তিনি আমাদের শিক্ষক।
(গ) তোমরা ভালো আছো তো?
(ঘ) তারা আবার আসবে।
(ঙ) সূর্য আমাদের আলো দেয়।
(চ) সুরজিত ভালো ফুটবল খেলে।
(ছ) আপনাকে আবার দিল্লি যেতে হবে।
(জ) 'মোরা একই বৃন্তে দুটি কুসুম।'
(ঝ) 'মোদের গরব, মোদের আশা।'
(ঞ) তুই বরং থেকে যা।

নীচের শব্দগুলিকে পুরুষ অনুযায়ী ছকে সাজাও :

তারা, আপনি, সে, আমাদের, পাখি, সৌমিত্র, দেবতা, আমার, আপনার, তোমাদের, বাঘ, আকাশ।

উত্তম পুরুষ	মধ্যম পুরুষ	প্রথম পুরুষ

। শূন্যস্থানে সঠিক পুরুষবাচক শব্দ বসাতো :

- (ক) ——— আমার শিক্ষক।
(খ) ——— রাজ সকালে দৌড়ায়।
(গ) ——— তখন খেলা করছিলে।
(ঘ) ——— উপকার করেছে।
(ঙ) ——— নিতে হবে।
(চ) বইটি ——— দাও।
(ছ) এখানে ——— রোজ আসে।
(জ) আগামীকাল ——— কলকাতা যাব।
(ঝ) ——— খেলিতেছিল।
(ঞ) ——— আমার প্রণাম জানাই।